



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

প্রেস রিলিজ

তারিখ: ২৫.০৯.২০২৩

পাবিপ্রবিতে বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের আয়োজনে এবং স্কয়ার ফার্মাসিউটিক্যালস পিএলসি'র সহযোগিতায় আজ সোমবার ২৫ সেপ্টেম্বর 'ফার্মেসি স্ট্রংদেনিং হেলথ সিস্টেমস' শিরোনামে বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে সকাল ১০টায় উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খানের নেতৃত্বে আনন্দ র্যালি বের করা হয়। র্যালি শেষে 'জনক জ্যোতির্ময়'-এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ এবং স্বাধীনতা চত্বরে কেক কাটা হয়।

পরবর্তীতে ড. এম এ ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবনের গ্যালারি ২ তে ফার্মাসিস্ট দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। কিনোট স্পীকার হিসেবে ছিলেন স্কয়ার ফার্মাসিউটিক্যালস পিএলসি'র জেনারেল ম্যানেজার (টেকনিকেল অপারেশন) মো. মিজানুর রহমান এবং আমন্ত্রিত স্পীকার ছিলেন স্কয়ারের কোয়ালিটি অ্যাসুরেন্সের প্রধান প্রকাশ কুমার মন্ডল। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ড. মো. শরিফুল হক।

আলোচনা সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান বলেন, আমাদের দায়িত্ব ও কর্তব্যবোধ বাড়তে হবে। প্রতিষ্ঠানকে ভালোবাসা এবং ইতিবাচক মনোভাব তৈরি করতে হবে। কঠোর পরিশ্রম করে সামনে আগাতে হবে। কঠোর পরিশ্রমের মাধ্যমে যেকোনো কিছু অর্জন করা সম্ভব। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সাথে তোমাদের সম্পর্ক গড়ে তুলতে হবে। এরপলে তোমাদের কাজের পরিধি আরও বাড়বে। সততা, জ্ঞান ও কমিটমেন্ট ঠিক করতে হবে। প্রতিটি সময়কে কাজে লাগিয়ে জীবনের সফলতা অর্জন করতে হবে।

এ উপলক্ষে হেলথ ক্যাম্পেরও আয়োজন করা হয়। আলোচনা সভায় বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।